# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৯৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৯০]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ২৩: ভাল কাজের আদেশ ও মন্দ কাজে নিষেধ করার গুরুত্ব

(23) ـ باب الأمر بالمعروف والنهي عن المنكر

আরবী

عَنْ أَبِي سَعِيدٍ الخُدرِي رضي الله عنه، عَنِ النَّبيّ صلى الله عليه وسلم، قَالَ: «إيَّاكُمْ وَالجُلُوسَ في الطُّرُقَاتِ»! فقالوا : يَا رَسُول الله، مَا لَنَا مِنْ مجالِسِنا بُدٌّ، نتحدث فِيهَا . فَقَالَ رسولُ الله صلى الله عليه وسلم: «فَإِذَا أَبَيْتُمْ إلاَّ المَجْلِسَ، فَأَعْطُوا الطَّرِيقَ حَقَّهُ».قالوا : وما حَقُّ الطَّرِيقِ يَا رسولَ الله ؟ قَالَ: «غَضُّ البَصَرِ، وَكَفُّ الأَذَى، وَرَدُّ السَّلامِ، وَالأمْرُ بِالمَعْرُوفِ، والنَّهيُ عن المُنْكَرِ» مُتَّفَقٌ عَلَيهِ

বাংলা

৭/১৯৫। আবূ সায়ীদ খুদরী রাদিয়াল্লাহু ’আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, ’’তোমরা রাস্তায় বসা হতে বিরত থাক।’’ সাহাবীগণ বললেন, ’হে আল্লাহর রাসূল! সে মজলিসে না বসলে তো আমাদের উপায় নেই; আমরা সেখানে কথাবার্তা বলি।’ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ’’যখন তোমরা (সেখানে) না বসে মানবেই না, তখন তোমরা রাস্তার হক আদায় কর।’’ তাঁরা বললেন, ’হে আল্লাহর রাসূল! রাস্তার হক কি?’ তিনি বললেন, ’’দৃষ্টি সংযত রাখা, কাউকে কষ্ট না দেওয়া, সালামের জবাব দেওয়া, ভাল কাজের নির্দেশ ও মন্দ কাজ থেকে নিষেধ করা।’’[1]

## English

(23) Chapter: Enjoining Good and forbidding Evil

Abu Sa'id Al-Khudri (May Allah be pleased with him) reported:
The Prophet (ﷺ) said, "Beware of sitting on roads (ways)." The people said: "We have but them as sitting places." Messenger of Allah (ﷺ) said, "If you have to sit there, then observe the rights of the way". They asked, "What are the rights of the way?" He (ﷺ) said, "To lower your gaze (on seeing what is illegal to look at), and (removal of harmful objects), returning greetings,

enjoining good and forbidding wrong".

[Al-Bukhari and Muslim].

ফুটনোট

[1] সহীহুল বুখারী ২৪৬৫, ৬২২৯, মুসলিম ১২১১, আবূ দাউদ ৪৮১৫, আহমাদ ১০৯১৬, ১১০৪৪, ১১১৯২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22530

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন